132

(13)

Hoera-128 128/1 D 128

IN#72

SPECIAL ADHESIVE 500 — SPECIAL ADHESIVE 50 — SPECIAL ADHESIVE 10 — SPECIAL ADHESIVE 4

STAMP AFFIXED BY
12/11/83
STAMP SUPERINTENDENT
CALCUTTA COLLECTORATE

Admissible under Rule 21, and the same fee 5 of the W. B. L. R. are duly stamped / does not ... exempted from stamp duty under the Indian Stamp Act 1899 Schedule I A No. 23
Fee paid as under:-

A 99.50
N 1.20
100.70

Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly
14/11/83

DEEDSALE14
#88053

14/11

# -ঃ সাফ বিক্রয় কোবালা ঃ-

মূল্য দশ হাজার চারশত ছয় টাকা মাত্র।

| <u>কোবালা গ্রহীতা ঃ-</u> | <u>কোবালা দাতা ঃ-</u> |
|---|---|
| লাইট মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিমিটেড | শ্রী ধরদাস বিশ্বাস |
| ১৯৫৬ সালের কোম্পানী আইনানুসারে | পিতা [illegible]ধারী বিশ্বাস |
| রেজেষ্ট্রীভুক্ত সীমিত দায়মুক্ত | পেশা বিষয়ভোগী জাতি হিন্দু |
| রেজিষ্ট্রার্ড অফিস, ৪নং ম্যাঙ্গো লেন | সাকিন গ্রাম হোয়েরা, থানা- |
| কলিকাতা - ৭০০০০১। | মগরা, জেলা হুগলী। |

কস্য নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত স্থানীয় মাপে কমবেশী ·৪৩ শতক অর্থাৎ এক বিঘা ছয় কাঠা দশ স্কোয়ার ফিট (১।৬-১০) শালি জমিমায় তৎসন্নিহিত সর্ব্বপ্রকার ইজমেণ্ট স্বত্বাদি দরবস্ত হক হকুক সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ অবস্থায় - বিক্রয়ের সাফ কোবালাপত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা...

Presented for Registration ... 1418
R. 30 Jan 83
... Registration Office
by Dhara Das Biswas

Dhara das Biswas

[illegible signature]
Sadar Joint Sub-Registrar
Chinsurah, Hooghly
14/1

Execution is admitted

Dhara Das Biswas
S/o Duttahari Biswas
Hoera Magra
Hindu
Landholder

Identified by

(2)

Dhara das Biswas

Malay Koley
S/o Sushil Kr. Koley
Hoera Magra
Hindu
Serviceholder

Malay Koley

[illegible signature]
Sadar Joint Sub-Registrar
Chinsurah Hooghly
14/1/83

Khara dass Biswas

128/2



জেলা হুগলী থানা মগরা জেঃ এলঃ নং ১ রেঃ সাঃ নং ১৬১ পরগণা আর্শা মৌজা হোয়েরা মধ্যে জেলা কালেকটারীর ৭নং তৌজী ভুক্ত হাল রিভিসন্যাল জরিপের ৮৪৮, ৮৪৯ ও ৮৫০ নং খতিয়ানের দখলী স্বত্ব বিশিষ্ট ১৫৯১ নং দাগ ভুক্ত ·৪৩ শতক শালি জমিও অন্যান্য দাগের জমি অত্র কোবালাদাতা ও অপর দুই ভ্রাতা দেবীদাস বিশ্বাস ও দুর্গাদাস বিশ্বাস পৈতৃক সুত্রে প্রাপ্ত হইয়া এজমালীতে জমি ভোগ দখল করিতে থাকেন এবং বিগত রিভিসন্যাল জরিপে তাঁহাদের নাম রায়ত দখলী সুত্রে লিপিবদ্ধ হয়। তদনন্তর উক্ত শ্রী খরদাস বিশ্বাস ও অপর দুই ভ্রাতা ২৪শে জুন ১৯৭৬ সালে রেজেষ্ট্রীকৃত এক আপোষ বণ্টন নামা দলিল মুলে সমস্ত সম্পত্তি বিভক্ত করিয়া অত্র কোবালা দাতা উক্ত সম্পত্তি নিজ অংশে প্রাপ্ত হইয়া ভোগ দখল থাকা কালীন উক্ত সম্পত্তি বিক্রয় করিবার প্রস্তাব করায় অত্র কোবালাদাতা উক্ত ১৫৯১ নং দাগের এক বন্দে চিহ্নিত মতে ও নির্দ্দিষ্ট ·৪৩ শতক ১/১ ,১০ এক বিঘা ছয় কাঠা দশ স্কোয়ার ফিট শালি জমি মায় ইজমেণ্ট ও আওলাতাদি ও অন্যান্য স্বত্বাদি সহ সর্ব্বপ্রকারের স্বত্বাধিকার সহ সম্পত্তি আপনি কোবালা গ্রহীতা ১৯৫৬ সালের কোম্পানী আইনানুসারে রেজেষ্ট্রীভুক্ত লাইট মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিমিটেড কল কারখানা অফিস ইত্যাদি স্থাপনের উদ্দেশে বিঘা প্রতি ৮০০০, আট হাজার টাকা পণে বিক্রয় করিতে ইচ্ছুক হওয়ায় ও আমি অত্র কোবালাদাতা নানা কারণে ও দেনাদি পরিশোধের নিমিত্ত নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমার খাস দখলীয় উক্ত জমির ১৫৯১ নং দাগের মাপ সুরত .৪৩ শতক জমি মায় সর্ব্ববিধ ইজমেণ্ট ও আওলাত ও সর্ব্বপ্রকার স্বত্বাদি একত্রে নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনি অত্র কোবালা গ্রহীতা আপনার নিকট হইতে বর্ত্তমান

বাজারোচিত ....

14/1/83

Dhara das Biswas



বাজারোচিত সর্ব্বোচ্চ মূল্য বেলমোক্তা দশ হাজার চারশত ছয় টাকা পন গ্রহণ করিয়া ও উক্ত পন মূল্যে অদ্য তারিখে আপনার নিকট হইতে ধার্য্য পন মূল্যের সমুদয় মোতাবেক টাকা ১০,৪০৬ দশ হাজার চারশত ছয় টাকা পণ নগদ গ্রহণে অত্র সাফ বিক্রয় - কোবালা মূলে নিম্ন 'ক' তপশীল বর্ণিত জমি আপনার নিকট বিক্রয় করতঃ চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম। এবং বিক্রীত জমিতে আপনাকে খাস দখল দিলাম। আপনি অদ্য হইতে বিক্রীত জমিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান মালিক দখলিকার হইয়া মালেকান সরকারে ও অন্যান্য সরকারী ও বেসরকারী সংস্থায় আমার নামের পরিবর্ত্তে নিজ নাম পত্তন ক্রমে খাজনাদি আদায় পূর্ব্বক দান বিক্রয় বিলি পত্তনাদি সর্ব্বপ্রকার হস্তান্তর অবস্থান্তর ও ইট ইমারতাদি নির্ম্মাণের স্বত্বাধিকার সূত্রে সর্ব্ববিধ রূপান্তর করণের ক্ষমতাযুক্তে যদৃচ্ছামতে ব্যবহারে আমার তুল্য ক্ষমতা পরিচালনে স্থলাভিষিক্ত গণ ক্রমে পরম সুখে নির্ব্যূঢ় স্বত্বে সার্ব্বভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকুন। বিক্রীত - ভূম্যাদিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দখল লভ্য হক হকিয়ৎ ছিল বা আছে তাহা অদ্য হইতে নির্ব্যূঢ় স্বত্বে নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় অদ্য হইতে চিরতরে রদ রহিত বিলুপ্ত ও ধ্বংস হইয়া আপনার বরাবর নির্ব্যূঢ় স্বত্বে বর্ত্তাইল বা অর্শাইল। কস্মিনকালে আমি কিংবা আমার ওয়ারেশানগণ ও স্থলাভিষিক্ত গণ ক্রমে কেহ অত্র বিক্রীত সম্পত্তির দরুন কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবে না। করিলেও তাহা সর্ব্বপ্রকার আদালতে সর্ব্বতোভাবে বাতিল ও নামঞ্জুর অগ্রাহ্য হইবে। বিক্রীত 'ক' তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অন্য কাহারও নিকট কোন প্রকার হস্তান্তর বা হস্তান্তরের চুক্তি কিংবা দায়াবদ্ধ বা রেহানাবদ্ধ করি নাই। বিক্রীত -

সম্পত্তিতে .....

14/1/83

128/7



বিক্রীত সম্পত্তিতে কোবালা দাতা ব্যতীত অন্য কোন শরিক অংশীদার বা দাবীদার নাই। বিক্রীত জমি বাকী করের দায়ে বা অন্য কোন কারণে কোন আদালত কর্ত্তৃক নিলাম বিক্রয় হয় নাই। অথবা বিক্রীত জমি সম্পর্কে কোন অফিস আদালতে কোন মামলা মোকদ্দমা চলিত নাই বিক্রীত জমি ব্যাঙ্কের দেনার দায়ে বা কাহারও সিকিউ-রিটিতে আবদ্ধ বা কোন আদালত কর্ত্তৃক কোন কারণে ক্রোকাবদ্ধ নাই। বিক্রীত জমি দেবোত্তর পীরোত্তর বা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি নহে। বিক্রীত জমি গভর্ণমেণ্ট বা কোন যৌথ কোম্পানী কর্ত্তৃক রিকিউজিশন এ্যাকুইজিসান করা হয় নাই। অথবা বিক্রীত জমি কোন প্রকারের সরকারে কোন কারণে কোন আইন বলে ভেষ্টেড হয় নাই বা কোন প্রকার এসাইনমেণ্টের অন্তর্ভুক্ত হয় নাই। বিক্রীত জমি অল্প মেয়াদী বা দীর্ঘ মেয়াদী কোনপ্রকার লীজ প্রদান বা ভাড়া বন্দোবস্ত দেওয়া হয় নাই। উক্ত জমিতে কোন বর্গাদার নাই বা কাহারও নাম বর্গাদাররূপে রেকর্ড হয় নাই। বিক্রীত ভূমি আমি কাহাকেও বেনাম করি নাই বা আমি কাহারও বেনামদার নহে। উহা সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ ও মুক্তাবস্থায় আমার বিক্রয়যোগ্য উত্তম স্বত্বাধিকার ও খাস দখল থাকা কালে আপনার নিকট বিক্রয় করতঃ বিক্রীত জমিতে আপনাকে খাস দখল দিলাম। ভবিষ্যতে আমার উক্ত বৈপরিত্য ঘটিয়া বা আমার শঠতা তঞ্চকতা প্রকাশিত হইয়া বা আমার স্বত্ব দখলের ন্যূনতা হেতু আপনার খরিদা স্বত্ব স্বার্থ বা দখলের কোন প্রকার হানি বা ক্ষতি হইলে আমি তজ্জন্য সম্পূর্ণ দায়ী ও দণ্ডনীয় হইব। এবং আইনতঃ ক্ষতিপুরণ সহ পন মুল্যের সমুদয় টাকা এককালীন ফেরৎ দিতে ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

বিক্রীত .....

14/11/83

বিক্রীত জমির টাইটেল সম্পর্কীয় নিম্ন 'খ' তপশীলে বর্ণিত কাগজপত্র দলিলাদি যাহা আমার নিকট আছে তাহা আপনাকে অর্পন করিলাম ও অত্র বিক্রীত সম্পত্তি সম্পর্কে ভবিষ্যতে অন্য কাগজাদি থাকিলে বা প্রকাশ পাইলে আমি কোন অফিস আদালত সাক্ষ্য প্রমান সহি সাবুদ দিবার আবশ্যক হইলে তাহা বে ওজর আপনার তলব মত যে কোন অফিস আদালতে দর্শাইতে বাধ্য থাকিব ও উপস্থিত হইয়া আপনার অনুকূলে দিতে বাধ্য ও সম্মত রহিলাম ।

অত্র দলিলের কোন ভুল ভ্রান্তি থাকার দরুন ভবিষ্যতে অত্র দলিল পোষক কোন সংশোধনী দলিল বা সাপ্লীমেন্টারী দলিল করিবার আবশ্যক হইলে, তাহা বেওজর বিনা পনে আপনার খাজনায় আপনার অনুকূলে সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিতে বাধ্য - থাকিলাম ।

এতদর্থে স্বেচ্ছায় সুজ্ঞানে সুস্থ শরীরে নিজ হিতার্থে অন্যের বিনা প্ররোচনায় অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পনের মুল্যের সমুদয় টাকা এক কালীন নগদ বুঝিয়া পাইয়া অত্র বিক্রয় কোবালা সহি সম্পাদন করিলাম । ইতি সন ১৩৮৯ সালের ২৯ শে

পৌষ ইংরাজী ১৯৮৩ সালের - ১৪ ই জানুয়ারী ।

॥ 'ক' তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ॥

জেলা হুগলী থানা মগরা সবরেজেষ্ট্রী চুঁচুড়া এলাকাধীন জেঃ এলঃ নং ১ রেঃ সাঃ নং ১৬১ পরগণা আর্শা মৌজা হোয়েরা । জেলা কালেকটারীর ৭নং তৌজী ভুক্ত বর্ত্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধিন বিগত রিভিসন্যাল জরিপে লিপিবদ্ধ নিম্ন

খতিয়ান ....

14/1/83

খতিয়ান ও দাগের অনুগর্ত দখলকার স্বত্ব বিশিষ্ট •৪৩ শতক বা এককিবা ছয় কাঠা দশ স্কোয়ার ফিট শালি জমি মায় যাবতীয় আকর আওলাতাদি ও ইজমেণ্ট স্বত্বাদি দরবস্ত হক হকুক সম্পত্তি অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে ।

| খং নং | দাগ নং | শ্রেণী | দাগের জমির পরিমান | বিক্রীত জমির পরিমান | বার্ষিক হারাহারী খাজনা |
|---|---|---|---|---|---|
| ৮৪৮ | ১৫৯১ | শালী | •১৪ | •১৪ | ৪•৮৩ |
| ৮৪৯ | ১৫৯১ | শালী | •১৪ | •১৪ | ৪•৮৩ |
| ৮৫০ | ১৫৯১ | শালী | •১৫ | •১৫ | ৪•৮৩ |
| | | | •৪৩ শতক | •৪৩ শতক | |

॥ 'খ' তপশীল বর্ণিত দলিলাদির পরিচয় ঃ-

১। ২৪।৬।১৯৭৬ সালের রেজেষ্ট্রীকৃত আপোষ বণ্টন নামা দলিল (১৯৭৬ সালের ২৮৪৮ নং দলিল )

২। রিভিসন্যাল খতিয়ান নং ৮৪৮, ৮৪৯ ও ৮৫০ মৌজা হোয়েরা

৩। জিলা জরিপের হোয়েরা মৌজার খতিয়ান নং ২৮২

৪। খাজনার রসিদ খতিয়ান নং -

পনের টাকার জায় ....

14/1/53

128/7

Dhara das Biswas



॥ পনের টাকার জায় ॥

বায়না বাবদ ২৯।৬।১৯৮২ তারিখে লওয়া - টাকা - ২১০·০০

অগ্রিম বাবদ ২২।১১।৮২ তারিখে লওয়া - টাকা - ৫৫·০০

বক্রী পনের টাকা ~~এলাহাবাদ~~ স্টেট ব্যাঙ্ক মগরা ব্রাঞ্চের উপর
লিখিত - ড্রাফট নং - OL/A/6 035929
তাং - ১২ই জানুয়ারী, ১৯৮৩। টাকা - ১০১৪১·০০

মোট টাকা - ১০,৪০৬·০০

( মোট দশ হাজার চার শত ছয় টাকা মাত্র ) ।

Dhara das Biswas
ইসাদী ঃ-

সাক্ষীগণ ঃ-

1. Nebraj Chatterjee
Hoera, Hooghly
Business

2. [signature] (S. Gupta) Service
Calcutta

3. Molay Kolay
(Hoerah) Hooghly (Business)

4. S. H. Bose,
Advocate,
Calcutta.

দলিলের ৭ম পৃষ্ঠার ৪র্থ লাইনে 'এলাহাবাদ' কথাটি কাটিয়া 'স্টেট' কথাটি লেখা আছে।

Dhara das Biswas

টাইপকারক ঃ
তপন মাইতি
শি য়া ল দ হ

218

14/1/83

128/8

996
245
1241
72
1313
225
1538

তারিখ ঃ ইংরাজী ১৪ই জানুয়ারী ১৯৮৩

বাংলা ২৯শে পৌষ ১৩৮৯

কোবালা গ্রহীতা ঃ

লাইট মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিমিটেড

কোবালা দাতা ঃ

শ্রী ধর দাস বিশ্বাস

14/1/83

সাফ বিক্রয় কোবালা

অর, ডিগনাম এণ্ড কোং

এ্যাডভোকেট

২৯, নেতাজী সুভাষ রোড

কলিকাতা ।